# বাংলাদেশ ফুটবল ফেডারেশন
# BANGLADESH FOOTBALL FEDERATION

তারিখঃ ১৭-০১-২০২৬

## সংবাদ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন-এর জন্য ফিফা কর্তৃক বরাদ্দকৃত 'FIFA World Cup 2026' এর খেলার টিকেট শুধুমাত্র নিম্নোক্ত ক্যাটাগরি অনুযায়ী ফুটবলামোদী দর্শকবৃন্দের নিকট সরবরাহ ও বিক্রি করার জন্য ফিফা কর্তৃক নির্দেশনা রয়েছেঃ

১। বাফুফে কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ
২। বাফুফে সদস্য সংস্থাসমূহের কর্মকর্তা এবং বাফুফের স্ট্যান্ডিং ও এ্যাডহক কমিটিসহ বাফুফের কর্মকর্তাবৃন্দ
৩। বাফুফে পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান (স্পন্সর এবং পার্টনার প্রতিষ্ঠান)
৪। বাংলাদেশ জাতীয় ফুটবল দলের বর্তমান ও প্রাক্তন খেলোয়াড়বৃন্দ
৫। স্পোর্টস জার্নালিস্ট
৬। ফুটবল ফ্যান

আগ্রহী ব্যক্তিবর্গকে আগামী ১৮ হতে ২২ জানুয়ারী ২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে মতিঝিলস্থ বাফুফে ভবনে নিম্নোক্ত কাগজপত্রসহ নিম্নের ব্যাংক হিসাবে টিকেট মূল্যের সমপরিমাণ অর্থ জমা প্রদানের মাধ্যমে আবেদনের জন্য অনুরোধ জানানো যাচ্ছেঃ

১। নির্দিষ্ট আবেদন ফরম (ফরমের মূল্য: ৫০০/-, অফেরত যোগ্য)।
উক্ত ফরম বাফুফে ভবনের রিসিপশন হতে সংগ্রহ করতে হবে।
২। পাসপোর্টের ফটোকপি
৩। ১ (এক) কপি ছবি
৪। ভিজিটিং কার্ড
৫। ব্যাংকে টাকা জমা প্রদানের মূল রশিদ।

উল্লেখ্য যে, একজন আবেদনকারী সর্বোচ্চ ২ (দুই) টি টিকেটের জন্য আবেদন করতে পারবে।

**নিম্নোক্ত ব্যাংক হিসাবে টিকেট মূল্যের সমপরিমাণ অর্থ জমা দিতে হবেঃ**

| | | |
|---|---|---|
| নাম | ঃ | বাংলাদেশ ফুটবল ফেডারেশন |
| একাউন্ট নং | ঃ | ০০১১৩০১০০০০২৬৬৫৩ |
| ব্যাংক | ঃ | ইউসিবি ব্যাংক |
| শাখা | ঃ | প্রিন্সিপাল ব্রাঞ্চ, মতিঝিল বা/এ, ঢাকা। |

বিশেষভাবে উল্লেখ্য যে, ১) টিকেট প্রদানের ক্ষেত্রে বাফুফে'র সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ২) ভিসা প্রাপ্তি/বাতিল সংক্রান্ত কোন দায়-দায়িত্ব বাফুফে গ্রহণ করবে না ৩) বরাদ্দকৃত টিকেট কোনভাবেই দ্বিতীয় কোন সংস্থা/ব্যক্তিকে হস্তান্তর করা যাবে না ৪) বরাদ্দকৃত টিকেটের মাধ্যমে কোন প্রকার বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা যাবে না ৫) যারা টিকেট প্রাপ্তিতে বিবেচিত হবে না তাদের টাকা পরবর্তীতে ব্যাংক ট্রান্সফার/একাউন্ট পে-চেকের মাধ্যমে ফেরত প্রদান করা হবে।

**বিস্তারিত যোগাযোগের ঠিকানাঃ**
বাংলাদেশ ফুটবল ফেডারেশন
বাফুফে ভবন, ১৪/বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ২২৩৩৫৪২৩২, ২২৩৩৫০৩৩১, ২২৩৩৫০১২৫
E-mail: info@bff.com.bd, website: www.bff.com.bd

AMIRUL ISLAM
আমীরুল ইসলাম (বাবু)
সদস্য
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

মোঃ ইকবাল হোসেন
সদস্য
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।

মোঃ ইমরুল হাসান
সিনিয়র সহ-সভাপতি
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।